

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
E-mail: dsdm@dgfood.gov.bd
Web: www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৫৭.০২০.১১-৫৪৯(৭)

তারিখ : ০৭/০৮/২০১১ খ্রিঃ।

বিষয় : সুলভ মূল্য কার্ড (ইউনিয়ন ফেয়ার প্রাইস) কার্যক্রমে ভোক্তাদের তালিকা কম্পিউটার ডাটাবেজে ধারণ।

সূত্র : খাদ্য অধিদপ্তরের ১১/০৭/২০১১ তারিখের ৪৮৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন ফেয়ার প্রাইস কার্যক্রমে জরুরী ভিত্তিতে উপকারভোগীর তালিকা প্রস্তুত এবং সঠিকতা নিরূপণে যাচাই কমিটি/উপ-কমিটি গঠন ও কার্ডে ছবি সংযোজনের লক্ষ্যে সূত্রস্থ স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষণে উক্ত কার্যক্রমের সাথে সাথে জরুরী ভিত্তিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হল :-

- (ক) যে সকল ইউনিয়নে এখনো তালিকা সম্পন্ন হয়নি, ঐ সকল ইউনিয়নে অতি দ্রুত তালিকা সম্পন্ন করতে হবে।
- (খ) জেলার সকল ইউনিয়নের উপকারভোগীর তালিকা জেলা পর্যায়ে সপ্তাহ করতঃ কম্পিউটারে ডাটাবেজ তৈরী করতে হবে।
- (গ) জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ যে সকল ইউনিয়নে তালিকা সম্পন্ন হয়েছে, ঐ সকল ইউনিয়নের তালিকার সঠিকতা যাচাইয়ের জন্য সরেজমিনে নমুনা জরিপ করবেন এবং যাচাইয়ের অবস্থা আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এর মাধ্যমে খাদ্য অধিদপ্তরে অবহিত করবেন।
- (ঘ) সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ জেলা পর্যায়ে প্রস্তুতকৃত ডাটাবেজ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-
(আহমদ হোসেন খান)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন : ৭১৭১৮৪৪।

বিতরণ :

১-৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/সিলেট/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/রংপুর। উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক-কে দ্রুত অবহিত করতে এবং অগ্রগতিমূলক প্রতিবেদন প্রেরণ করতে অনুরোধ করা হল।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৫৭.০২০.১১-৫৪৯/৭(১১)

তারিখ : ০৭/০৮/২০১১ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ১। সচিব, খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২-৮। বিভাগীয় কিশিনার, ঢাকা/খুলনা/সিলেট/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/রংপুর।
- ৯। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। স্মারকটি ফ্যাক্সযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন : ৭১৭১৮৪৪।